

তারিখ:
পৃষ্ঠা: ১ কলাম: ১

শেখ হাসিনা কাল ছাত্রলীগ টা.বি'র সম্মেলন উদ্বোধন করবেন □ পদের জন্য লবিং

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : আগামীকাল (শনিবার) বাংলাদেশ ছাত্রলীগের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সম্মেলন। ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে অনুষ্ঠিতব্য এ সম্মেলনের উদ্বোধন করবেন বিরোধীদলীয় নেত্রী শেখ হাসিনা। সম্মেলনের মাধ্যমেই ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার নতুন কমিটি গঠিত হবে। ছাত্রলীগের সবচে' গুরুত্বপূর্ণ শাখার কমিটিতে স্থান পেতে পদপ্রত্যাশী নেতা-কর্মীদের মধ্যে চলছে জীব্র প্রতিযোগিতা। দীর্ঘ চার বছর পর অনুষ্ঠিত সম্মেলনে সকল স্তরের নেতাকর্মীরা সর্বসরি ভোটে নেতৃত্ব নির্বাচনের জোয়ার দাবী তুলেছে। নির্বাচনের মাধ্যমে কেন্দ্রীয় কমিটি গঠিত হওয়ার পর ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সম্মেলনেও নির্বাচনের প্রত্যাশা করছে নেতা-কর্মীরা। এ সম্মেলনকে ঘিরে ৭-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

ছাত্রলীগ টা. বি.

প্রথম পৃষ্ঠার পর বিশ্ববিদ্যালয় শাখার নেতা-কর্মীদের মধ্যে পরিলক্ষিত হচ্ছে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা। পদপ্রত্যাশী নেতারা চালিয়ে যাচ্ছেন জোর লবিং-গ্রুপিং। মধুর কেতিন, কেন্দ্রীয় কার্যালয়, ধানমন্ডি আওয়ামী লীগ অফিস এবং আওয়ামী লীগের প্রভাবশালী নেতাদের বাধায় ভিড় জমাচ্ছেন নেতারা। আন্দোলন চাঙ্গা করার লক্ষ্যে কেন্দ্রীয় কমিটির মতো বিশ্ববিদ্যালয় শাখার কমিটির পরিসর বৃদ্ধি করে ৪১-এর পরিবর্তে ১০১ সদস্যবিশিষ্ট করা হতে পারে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে। এদিকে নির্বাচন যাতে না হতে পারে সেজন্য নেতৃত্ব প্রত্যাশীদের একটি অংশ নানামুখী তৎপরতা চালিয়ে যাচ্ছে বলে জানা গেছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি পদে সম্ভাব্য প্রার্থী হিসেবে আছেন বর্তমান কেন্দ্রীয় কমিটির সদস্য বিপ্লব সরকার, শাহজাহান মুখা কটি, শফিকুল ইসলাম, বিপুল সরকার, আলমগীর হাসান, দেলোয়ার হোসেন, মনির হোসেন, হেমায়েত উদ্দীন হিমু, শেখ রেজাউল ইসলাম ও চৌধুরী সাইফুল্লাহী সাগর। সাধারণ সম্পাদক পদপ্রার্থীরা হলেন- ইঞ্জিনিয়ার আহমেদ জুইয়া, এমদাদ হাওলাদার, পংকজ সাহা, মাহমুদ হাসান রিপন, জামাল উদ্দীন, আমিনুল হক কবির, ইশতিয়াক আহমেদ শিমুল, কবির হোসেন চিশতী ও আবুল কালাম আযাদ। সাংগঠনিক সম্পাদক পদপ্রার্থীদের মধ্যে আছেন- মনিরুল ইসলাম আকাশ, জাকারিয়া প্রমুখ।

সূর্যসেন হলের নতুন কমিটি সূর্যসেন হলের বার্ষিক সম্মেলনে লাভলু মোল্লাহ শিশিরকে সভাপতি এবং মোহাম্মদ আবু হানিফকে সাধারণ সম্পাদক করে হলের শাখা ছাত্রলীগের নতুন কমিটি গঠন করা হয়েছে।